

শীত 2019

# Your District 3 Newsletter

## দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে! ডেট্রয়টের যুবসমাজ: ৪,০০০ গ্রীষ্মকালীন কাজ পাওয়া যাচ্ছে

### গ্রো ডেট্রয়েট'স ইয়ং ট্যালেন্ট যুব সমাজের জন্য চাকুরির সুযোগ করে দিচ্ছে

ডেট্রয়েট সিটির গ্রীষ্মকালীন যুব কর্মসংস্থান কর্মসূচি, গ্রো ডেট্রয়েটস ইয়ং ট্যালেন্ট-এর জন্য নিবন্ধন এখন শুরু হয়েছে।

- ৪,০০০-এরও অধিক পদের যে কোনটিতে দরখাস্ত করার জন্য অনুগ্রহ করে **www.gdyt.org** দেখুন বা **313-664-5575** নম্বরে ফোন করুন।
- দরখাস্তকারীকে অবশ্যই ডেট্রয়েটের 14-24 বছর বয়সী বাসিন্দা হতে হবে।
- মার্চ 15 তারিখ পর্যন্ত দরখাস্ত গ্রহণ করা হবে।
- ডেট্রয়েটের যে-সকল ব্যবসা মালিক ডেট্রয়েটের কোন তরুণ/তরুণীকে জুলাই এবং আগস্টে ছয় সপ্তাহের জন্য নিয়োগ বা স্পন্সর করতে চান, তারা এখানে দেখে জেনে নিন তা কিভাবে করতে হয়। **www.gdyt.org.**



*টাইরোন বিন, 20, GDYT-এর মাধ্যমে কাজের সঠিক নৈতিকতা এবং আর্থিক দায়িত্ববোধ গড়ে তোলা শিখেছে। সে এখন হেনরি ফোর্ড কম্যুনিটি কলেজে পড়ছে।*

## *প্রত্যেক হাই স্কুল গ্র্যাজুয়েটদের জন্য বিনা টিউশন ফি কলেজ*

ডেট্রয়েট প্রমিজ-এর মাধ্যমে, যে-সকল শিক্ষার্থী ডেট্রয়েটে বসবাস করে এবং যে-কোন ডেট্রয়েট হাই স্কুল থেকে উত্তীর্ণ হয়, তারা ছয়টি কম্যুনিটি কলেজে এবং 17টি চার-বছরের ইউনিভার্সিটিতে বিনা-টিউশন ফি-তে উচ্চ শিক্ষা গ্রহণ করতে পারবে। এই বছর 652 জন ডেট্রয়েট গ্র্যাজুয়েট তালিকাভুক্ত হয়েছে। এখুনি প্রস্তুতি নিন।

ডেট্রয়েট প্রমিজ যা যা দিচ্ছে:

- ডেট্রয়েট হাই স্কুলের যে-কোন গ্র্যাজুয়েটের জন্য বিনা খরচে কম্যুনিটি কলেজ, তা পাবলিক, প্রাইভেট বা চার্টার স্কুল যাই হোক না কেন।
- যে সকল গ্র্যাজুয়েট 3.0 গড় গ্রেড পয়েন্ট এবং ন্যুনতম ACT স্কোর 31 বা SAT স্কোর 1060 পেয়েছে, তাদের জন্য চার-বছরের ইউনিভার্সিটির জন্য টিউশন এবং ফিস।
- শিক্ষার্থীদের প্রশিক্ষণ ও সহায়তা এবং সফলতায় সাহায্য প্রদানের জন্য মেন্টরের ব্যবস্থা।

আপনার শিক্ষার্থী কি দরখাস্ত করেছে? আরো তথ্যের জন্য দেখুন **www.detroitpromise.com** বা ই-মেইল করুন **info@detroitpromise.com**.



*ডালাস ম্যাক-ঘি-হেনরি, 20 ওকল্যান্ড কম্যুনিটি কলেজে অধ্যয়নরত ডেট্রয়েট রেঁনেসা হাই স্কুলের গ্র্যাজুয়েট।*

# আপনার অর্জিত ইনকাম ট্যাক্স ক্রেডিট দাবী করে নিন

এই ট্যাক্স মওসুমে নগদ অর্থ প্রয়োজন? কর্মরত পরিবার এবং ব্যক্তিদের জন্য অর্জিত ইনকাম ট্যাক্স ক্রেডিট দাবী করে নিন। আপনার আয়, নির্ভরশীল সন্তান সংখ্যা এবং ফাইলিং স্ট্যাটাসের উপর ভিত্তি করে আপনি আইআরএস থেকে বাড়তি $500 থেকে $6,400 পর্যন্ত ফেরত পেতে পারেন। তবে এই ক্রেডিট লাভের জন্য আপনাকে ট্যাক্স রিটার্ণ জমা দিতে হবে।

সিটিতে ৩০টি জায়গাতে বিনামূল্যে ট্যাক্স সংক্রান্ত সাহায্য পাওয়া যায়। **বিস্তারিত জানার জন্য দেখুন www.claimyourrefund.com বা ফোন করুন 211.**

আপনি কি জানেন? EITC –এর সৌজন্যে 85,000-এর অধিক ডেট্রয়েটবাসী 2018সনে প্রায় $300 মিলিয়ন পরিমাণ ট্যাক্স ফেরত দাবী করেছে।

## কে কে যোগ্যতা সম্পন্ন?

| যোগ্যতা সম্পন্ন সন্তানের সংখ্যা | পূর্ণ অব্যাহতির জন্য সর্বোচ্চ আয় | আংশিক অব্যাহতির জন্য সর্বোচ্চ আয় | আংশিক ক্রেডিটের সর্বোচ্চ পরিমাণ |
|---|---|---|---|
| None | $15,270 | $20,950 | $519 |
| 1 | $40,320 | $46,010 | $3,461 |
| 2 | $45,802 | $51,492 | $5,716 |
| 3 or more | $49,194 | $54,884 | $6,431 |

## মটরসিটি ম্যাচ নতুন নতুন ব্যবসা চালু করছে

যারা ডেট্রয়েটে নতুন ব্যবসা শুরু বা ব্যবসার বিকাশের চিন্তা ভাবনা করছে, তারা মটর সিটি ম্যাচের মাধ্যমে সাহায্য পেতে পারে। যে সকল উদ্যোক্তা ডেট্রয়েটে ব্যবসা গড়ে তুলতে চাচ্ছে এই কর্মসূচি তাদেরকে বিদ্যমান স্টোরফ্রন্টের মালিকদের সাথে জোড় বেঁধে দেয়: ঋণ, মঞ্জুরি এবং কারিগরি সহায়তার ব্যবস্থা করে দেয়। **মার্চের 1 তারিখ থেকে পরবর্তী রাউন্ডের মঞ্জুরির জন্য দরখাস্ত গ্রহণ করা শুরু হবে এবং এপ্রিলের 1 তারিখে জমা দিতে হবে। মঞ্জুরির সিদ্ধান্ত জুনের 30 তারিখের মধ্যে জানান হবে। আরো তথ্যের জন্য 844-338-4626 নম্বরে ফোন করুন অথবা www.motorcitymatch.com দেখুন।**




## DWSD ওয়াটার বিল পরিশোধের সুবিধাজনক পন্থা রয়েছে

ডেট্রয়েট ওয়াটার অ্যান্ড সুয়ারেজ ডিপার্টমেন্টে আপনার ওয়াটার বিল পরিশোধের জন্য দ্রুত এবং সুবিধাজনক পন্থা আছে। আপনার একাউন্ট অনলাইনে নিবন্ধন করার সময় আপনি www.detroitmi.gov/paymywaterbill-এ আপনার বিল পরিশোধ, পানির খরচের পরিমাণ এবং অটোমেটিক পরিশোধের ব্যবস্থা করতে পারবেন, এমনকি পরিশোধের পন্থাও ঠিক নিতে পারবেন। আপনার সুবিধার্থে, 35টির অধিক DivDat কিয়স্ক আছে যেগুলো নগদ অর্থ, ব্যক্তিগত চেক বা ক্রেডিট কার্ড গ্রহণ করে। আপনি আপনার কাছাকাছি কিয়স্ক খুঁজে পেতে দেখুন। **www.detroitmi.gov/DWSDKiosk.**

**নিম্ন-আয়ের পরিবারগুলোর জন্য ওয়াটার বিল সহায়তা**

ওয়াটার রেসিডেনশিয়াল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম বা WRAP, হচ্ছে ডেট্রয়টের নিম্ন আয়ের বাসিন্দাদের ওয়াটার বিলে সাহায্য হিসাবে অর্থ পরিশোধের একটি সহায়তা পরিকল্পনা। বর্তমানে WRAP ডেট্রয়টের 4,490 টি যোগ্যতাসম্পন্ন পরিবারকে তাদের বর্তমান এবং অতীতের ওয়াটার বিল পরিশোধে সাহায্য করছে। **আরো তথ্যের জন্য 313-386-WRAP-এ ফোন করুন বা www.waynemetro.org/wrap দেখুন।**

*Detroit's NEW*

# PLAN AHEAD

## PROPERTY TAX SAVINGS PROGRAM

**আপনার 2020 সনের প্রোপার্টি ট্যাক্স পুরোটা একবারে জমা না দিয়ে আগে ভাগেই প্রতিমাসে একটু একটু করে পরিশোধ করুন।**

- যে-সকল বাড়ি মালিকের ট্যাক্স তাদের মর্টগেজের মাধ্যমে পরিশোধ করা হয় না, তারাই অংশগ্রহণ করতে পারবে।
- নাম লেখানোর জন্য কোন ফি নেই।
- প্রতিবার কতটুকু এবং কখন পরিশোধ করবেন সে সিদ্ধান্ত আপনিই গ্রহণ করবেন।




**DivDat কিয়স্কে পাওয়া যায়, অথবা অ্যাপ ডাউনলোড করে নিন।**
আপনার 2019 সনের প্রোপার্টি ট্যাক্স বিল দেখুন এবং 12 মাস ধরে কত করে অগ্রীম পরিশোধ করবেন দেখে নিন।




**আপনার প্রথম টাকা জমা দিন।**
সুপারিশকৃত মাসিক অর্থ জমা দিন, অথবা আপনার পছন্দের যে কোন পরিমাণ নগদ, চেক বা ক্রেডিট কার্ডে* জমা দিন। আপনি রশিদ পাবেন এবং আপনার পেমেন্টে নিশ্চিত করে ইলেকট্রনিক বার্তা পাবেন।




**যে কোন সময় DIVDAT কিয়স্ক বা অ্যাপ ব্যবহার করে অগ্রীম অর্থ পরিশোধ করুন।**
আপনি কতটুকু জমা রেখেছেন এবং কত বকেয়া আছে, দেখে নিন। আপনি যতটুকু জমা করেছেন তা আপনার ব্যালেন্সের সাথে সমন্বয় করা হবে এবং সেক্ষেত্রে আপনাকে তা জানান হবে। তারপরও আপনি ট্যাক্স বিল পেতে থাকবেন। *বাড়তি কোন পেমেন্টের প্রয়োজন হলে আপনাকে সতর্ক করা হবে।*

**ক্রেডিট কার্ডের স্ট্যান্ডার্ড ফি প্রযোজ্য হতে পারে।*

## *হিটিং বিলের জন্য সাহায্য*

এখানে শীতের সময় ডেট্রয়েটের কিছু কিছু বাসিন্দাদের হিটিং বিলের জন্য সাহায্য প্রয়োজন হতে পারে। হিট অ্যান্ড ওয়ার্মথ ফান্ড, যেটি THAW হিসাবে পরিচিতি, হিটের বিল পরিশোধে অসুবিধাগ্রস্ত যোগ্যতাসম্পন্ন নিম্ন আয়ের পরিবারের জন্য সাহায্য দিয়ে থাকে। **আরো তথ্যের জন্য দেখুন www.thawfund.org অথবা 1-800-866-8429 নম্বরে ফোন করুন।**

*সিটি হলের সাথে সংযোগ*

## ইমপ্রুভ ডেট্রয়েট অ্যাপ



ইমপ্রুভ ডেট্রয়েট অ্যাপের কারণে এখন এলাকার রাস্তার ভাঙা বাতি থেকে শুরু করে সড়কে গর্তের মত সমস্যা জানান খুবই সহজ হয়ে গেছে। এই অ্যাপের মাধ্যমে সমস্যার চিত্র আপলোড করা যায়, ঠিকানা জানান যায় এবং সমস্যার সমাধান করার সর্বশেষ তথ্য জানা যায়। অ্যাপ স্টোর বা গুগল প্লে থেকে ইমপ্রুভ ডেট্রয়েট অ্যাপ ডাউনলোড করে নিন। সমস্যাগুলো অনলাইনেও **www.detroitmi.gov/How-Do-I/Mobile-Apps/ImproveDetroit -এ জানান যেতে পারে।**

# আপনি GRATIOT-7 মাইল এলাকার উন্নয়নের সাথে জড়িত হতে পারেন

এই বসন্তে Gratiot-7 মাইল পরিকল্পনাধীন এলাকার উন্নয়নের পরিকল্পনা শুরু হবে। 8 মাইল, Kelly, Houston-Whittier এবং Schoenherr দ্বারা পরিবেষ্টিত সন্নিহিত অঞ্চলগুলো এই পরিকল্পনার অন্তর্ভুক্ত। এই পরিকল্পনার মূল দৃষ্টি হবে একক-পারিবারিক এলাকা, বহু-পরিবার আবাসন ব্যবস্থা, এবং রিটেইল সুযোগ-সুবিধা, সেইসাথে পার্ক, গ্রীণওয়ে এবং রাস্তার উন্নতিও এর অন্তর্ভুক্ত থাকবে।




**আপনাদের মতামত আমাদের প্রয়োজন**

বাসিন্দারা কিভাবে জড়িত হতে পারেন সে-বিষয়ে প্রশ্নের উত্তর দেওয়ার জন্য শহরের প্ল্যানিং অ্যান্ড ডেভলপমেন্ট ডিপার্টমেন্ট অফিস একটি সমসূচির ব্যবস্থা করবে। ফেব্রয়ারি এবং মার্চে প্রতি বুধবার এই সময় সূচি হবে:

- সকাল 10টা-11:30মিনিট, স্থান ডেট্রয়েট পাবলিক লাইব্রেরির ফ্রাংকলিন ব্র্যাঞ্চ, 13651 E. McNichols
- সন্ধ্যা 5:30মিনিট-7টা, স্থান-হেইলমান রিক্রেয়েশন সেন্টার,19601 Crusade

**আরও তথ্যের জন্য প্রজেক্ট-ম্যানেজার খলিল লিগন-কে 313-628-0108 নম্বরে যোগাযোগ করবেন বা ই-মেইল করুন ligonk@detroitmi.gov.**

# প্রজেক্ট গ্রীণলাইট-এ সিটি ব্যাপী প্রায় 500ব্যবসা-প্রতিষ্ঠান যোগ দিয়েছে

ডেট্রয়টের অপরাধ দমনমূলক প্রজেক্ট গ্রীণলাইট, যেটিতে পুলিশ ব্যবসা প্রতিষ্ঠানের কার্যকলাপ পর্যবেক্ষণের জন্য হাইডেফিনেশন ক্যামেরা ব্যবহার করে, প্রায় 500 অংশগ্রহণকারী ব্যবসাপ্রতিষ্ঠান তালিকাভুক্ত করে ফেলেছে, এখন সিটিব্যাপী দোকান এবং স্টোর অংশগ্রহণ করছে, এবং সিটির অন্যান্য বাণিজ্যিক ডিস্ট্রিক্টগুলো এতে যোগদানের বিষয়ে আলাপ-আলোচনা চলছে।

**নিচে ডিস্ট্রিক্ট থ্রি'র তিনটি নতুন গ্রীণলাইট পার্টনারের বিবরণ দেওয়া হল**

- নিউ ব্রেকথ্রু চার্চ ইন্টারন্যাশনাল, 5181 ই. আউটার ড্রাইভ
- ফ্র্যাংকস অটো মাফলার, 14010 ই. 8 মাইল
- শর্টস লিকার স্টোর, 12840 ই. 7 মাইল

## মটরসিটি রি-স্টোর: সিটির স্টোর ফ্রন্ট ঠিকঠাক করা

মটরসিটি রি-স্টোর বাণিজ্যিক ভবনের মালিকদের তাদের স্টোর ফ্রন্টগুলির উন্নতির জন্য প্রতিযোগিতামূলক ম্যাচিং গ্র্যান্টের মাধ্যমে শহরব্যাপী ব্যবসাপ্রতিষ্ঠান গুলোর সৌন্দর্য বৃদ্ধিতে সাহায্য করছে। এই কর্মসূচি প্রতিকোয়ার্টারে $500,000 পর্যন্ত গ্র্যান্ট হিসাবে মঞ্জুর করে। 2017 সনে কর্মসূচি চালু হওয়ার পর থেকে এপর্যন্ত 10টি স্টোর ফ্রন্ট সংস্কার করা হয়েছে, আরও 11টি পরিকল্পনাধীন বা আংশিক সম্পূর্ণ করা হয়েছে, আরও 32টি প্রতিষ্ঠান সংস্কারের জন্য অপেক্ষায় আছে। ডিস্ট্রিক্ট 3-তে 12845 কোনান্ট-এ অবস্থিত নিকটবর্তী স্কুল হাউজএ গ্রীষ্মে সংস্কারের জন্য প্রস্তুত রাখা হয়েছে। **গ্র্যান্টের জন্য দরখাস্ত মার্চের 1তারিখে শুরু হবে এবং অবশ্যই এপ্রিলের 1তারিখের মধ্যে জমা দিতে হবে। আরও তথ্যের জন্য 844-749-8359 নম্বরে ফোন করুন বা দেখুন www.motorcityre-store.com.**

# ডেট্রয়েট অ্যাট ওয়ার্ক প্রশিক্ষণ ও কর্মসংস্থানের সুযোগ দিচ্ছে


ডেট্রয়েট অ্যাট ওয়ার্ক, যেটি সিটির চাকুরি এবং পেশাগত উন্নয়ন প্রত্যাশীদের ওয়ান-স্টপ রিসোর্স, প্রতিদিন 5,০০০ এর অধিক চাকুরি এবং 13০ টির অধিক প্রশিক্ষণের সুযোগ প্রকাশ করে থাকে। **www.detroitatwork.com** -এ নিবন্ধন করুন অথবা 313-962-WORK-এ ফোন করুন এবং এর পর পরবর্তী তিনটির একটি ওয়ান-স্টপ ঠিকানায় যান:

- Northwest Activities Center, 18100 Meyers
- Samaritan Center, 5555 Conner
- SER Metro, 9301 Michigan Ave.


## *সুযোগ পাওয়া যাচ্ছে*



**আদমসুমারি 2০2০**
2০2০ আদমসুমারির মাঠ পর্যায়ের কাজ পরিচালনার জন্য 1,০০০-এর অধিক পদ আছে, মজুরী ঘন্টায় $19 থেকে শুরু।



**প্রশিক্ষণের সুযোগ**
গাড়ি মেরামত, হসপিটালিটি, রোবোটিকস, স্কিলড ট্রেড এবং বাণিজ্যিক ড্রাইভিং-এর মত উচ্চ-চাহিদার ক্ষেত্রে বিনামূল্যে প্রশিক্ষণ কর্মসূচি পাওয়া যাচ্ছে।



**ডিপিএসসিডি**
ডেট্রয়েট পাবলিক স্কুলস কম্যুনিটি ডিস্ট্রিক্টে 1০০ টি পর্যন্ত ফুড এসোসিয়েট এবং ফুড অ্যাসিস্ট্যান্টের পদ খালি আছে।



**সিকিউরিটাস**
সিকিউরিটি এসোসিয়েট এবং কাস্টমার সার্ভিস রিপ্রেজেনটেটিভের 2০০ পদ পূরণ করা হবে।

DETROIT AT WORK℠

www.detroitatwork.com

# নতুন গাড়ি এবং সালভেজ ইয়ার্ডের উপর সিটি অস্থায়ী নিষেধাজ্ঞা জ্ঞাপন করেছে

সন্নিহিত অঞ্চলের দূষণ এবং অবৈধ স্থাপনা সম্পর্কিত উদ্বেগ নিরসনের জন্য 1 এপ্রিল থেকে মেয়র মাইক ডুগান নতুন স্ক্র্যাপ ইয়ার্ড এবং পুরান গাড়ির স্থাপনার উপর এক বছরের নিষেধাজ্ঞা জ্ঞাপন করেছে। বৈধভাবে পরিচালিত স্থাপনা এই নিষেধাজ্ঞার আওতায় আসবে না। এই অস্থায়ী নিষেধাজ্ঞা সিটিকে আইনকানুনগুলো পর্যালোচনা করে এলাকাকে দূষণ, অপরাধ এবং অবৈধ কার্যকলাপ থেকে সুরক্ষা নিশ্চিত করার জন্য সময় করে দেয়। **আপনি যদি সন্দেহ করেন যে কোন স্থাপনা আইন মেনে চলছে না, BSEED- কে 313-628-2451 নম্বরে ফোন করুন এবং প্রম্পট করা হলে 1 চাপুন।**

**এই অস্থায়ী নিষেধাজ্ঞার আওতাগ্রস্ত ব্যবসাগুলো হচ্ছে**

- পুরোনা টায়ারের স্টোরেজ এবং বিক্রয়
- ব্যবহৃত গাড়ি বিক্রয়
- স্ক্র্যাপ আয়রণ এবং মেটাল প্রসেসর
- জাংক ডিলার
- গাড়ি খোলা ও ভাঙা
- গাড়ির বড় এবং ছোট মেরামত

## *ডেট্রয়েট ল্যান্ড ব্যাংকের সময়সূচি*

ল্যান্ড ব্যাংকের নিলামের মাধ্যমে বাড়ি কিনতে চান বা আশেপাশে শূন্য লট কিনতে চান? আপনি প্রতি তৃতীয় বুধবার বিকাল 4টে-সন্ধ্যা 6টা পর্যন্ত ল্যান্ড ব্যাংক কর্মকর্তাদের সাথে দেখা করতে পারেন, ঠিকানা Farwell Recreation Center, 2711 E. Outer Dr. আরো তথ্যের জন্য, 1-844-BUY-DLBA –তে ফোন করুন বা দেখুন **www.buildingdetroit.org**

# সংক্ষিপ্ত সংবাদ



## ‘টিন’-দের জন্য নতুন প্রজনন স্বাস্থ্য রিসোর্স

iDecide Detroit হচ্ছে ‘টিন’-বান্ধব স্বাস্থ্য সেবা প্রদানকারীদের একটি নেটওয়ার্ক যারা গর্ভধারণ এবং যৌনবাহিত রোগ প্রতিরোধসহ বিভিন্ন বিষয়ে পরিষেবা দেয়। আপনার স্বাস্থ্য বিমা না থাকলেও এই পরিষেবাগুলো পাওয়া যাবে।

**iDecide Detroit কোথায় কোথায় পাবেন**

iDecide Detroit Teen Health Center-এর ঠিকানা হচ্ছে Butzel Family Center at 7737 Kercheval, অথবা আমরা 833-9-DECIDE নম্বরে ফোন করে আপনাকে আমাদের পরিষেবা প্রদানকারীদের নেটওয়ার্কের 23টির একটির সাথে সংযুক্ত করে দিতে পারি, অথবা **www.idecidedetroit.com** দেখুন।



## সিটি তুষার সরানোর ব্যবস্থায় উন্নতি করেছে

এখন এই শীতে, পাড়ার রাস্তায় সিটির সড়কের কর্মীরা আরো চওড়া পথ পরিষ্কার করবে — 16 ফুট চওড়া, যা গত বছর 10 ফুট ছিল।

- ছয় ইঞ্চি বা তার অধিক তুষার হলেই তবে কর্মীরা আবাসিক সড়কগুলো পরিষ্কার করবে।
- সম্ভব হলে, অনুগ্রহ করে পরিষ্কার করার আগে গাড়ি সরিয়ে ফেলুন যাতে কর্মীরা রাস্তা পরিষ্কার করতে পারে এবং পরিষ্কার করার সময় যাতে গাড়িগুলো বরফে ঢেকে না যায়।



## বাড়ির মালিক হতে চায় এমন ভাড়াটের জন্য সহায়তা

ভাড়াটে থেকে বাড়ির মালিক হওয়ার বিষয়ে আরো বেশি করে জানতে চান? বা ভাড়াটে হিসাবে আপনার অধিকার ও দায়িত্ব সম্পর্কে জানতে চান? ডিপার্টমেন্ট অব নেবারহুডস বাসিন্দাদের প্রয়োজনীয় দিকনির্দেশনা, সহায়তা এবং রিসোর্স সম্পর্কে অনুষ্ঠানের আয়োজন করে। তারা বাড়ি কিনতে আগ্রহী লোকজনের জন্য ডেট্রয়েট হোম মর্টগেজ এবং ডেট্রয়েট ল্যান্ড ব্যাংক অথরিটির বাড়ি নিলাম কর্মসূচিসহ বিভিন্ন তথ্য দিয়ে থাকে।

**তিনটি অনুষ্ঠান সামনে আসেছে:**

- মার্চ 2, সকাল 11-দুপুর 2টা, Bethany Lutheran Church, 11473 E. Outer Drive
- মার্চ 14, সন্ধ্যা 6-8টা, Patton Recreation Center, 2301 Woodmere
- মার্চ 27, সন্ধ্যা 5:30-7:30টা, St. Suzanne Community Resource Center, 19321 W. Chicago

## মে মাসে মটরসিটি মেকওভার হতে যাচ্ছে

motor city makeover

আপনার বেলচা হাতে নিন। আপনার মই হাতে নিন। আপনার গ্লাভস পরে নিন। মটর সিটি মেকওভারের জন্য সিটি তাদের বাসিন্দাদের পাড়া পরিচ্ছন্ন এবং সৌন্দর্যমন্ডিত করার জন্য সাহায্য চাচ্ছে। ডিস্ট্রিক্ট 1 এবং 2 মে'র চার তারিখে হতে যাচ্ছে। ডিস্ট্রিক্ট 3, 4 এবং 5 মে'র 11 তারিখ, এবং ডিস্ট্রিক্ট 6 এবং 7 মে'র 18 তারিখে নির্ধারিত হয়েছে। ব্যক্তি এবং কম্যুনিটি গ্রুপকে অবশ্যই ডিপার্টমেন্ট অব নেবারহুডস-এ নিবন্ধন করে নিতে হবে যাতে ব্যাগ এবং গ্লাভস-এর সীমিত সরবরাহ পাওয়া যায়, এবং একই সাথে ব্যাগে-ভরা আবর্জনা এবং রোল-অফ কনটেইনার-এর বিশেষ পিক আপ সম্পর্কে তথ্য পাওয়া যায়। **এই প্রচেষ্টায় যোগদানের জন্য www.motorcitymakeover.org –এ গিয়ে অনলাইনে নিবন্ধন করুন অথবা (313) 224-4415 নম্বরে ফোন করুন।**

## ডিস্ট্রিক্ট 3: সংখ্যাজেনেরাখুন

স্কটবেনসন, ডিস্ট্রিক্ট3কাউন্সিল মেম্বার
313-224-1198
BensonS@detroitmi.gov

ব্রেন্ডাজোনস, সিটি কাউন্সিল প্রেসিডেন্ট কাউন্সিলমেম্বার এট লার্জ
313-224-1245
bjones_mb@detroitmi.gov

জেনআয়ারস, কাউন্সিলমেম্বার এট লার্জ
313-224-4248
councilmemberayers@detroitmi.gov

শার্লিএবার্চ, পুলিশকমিশনার
313-350-9622
Shirleyburch23@gmail.com

আর্নেস্টজনসন, ডিস্ট্রিক্টম্যানেজার
313-236-3504
JohnsonErn@detroitmi.gov


কায়ানাসেসমস, ডেপুটিডিস্ট্রিক্টম্যানেজার
313-348-8464
sessomsk@detroitmi.gov

মো: আবদুলমুহিত, ডিস্ট্রিক্টবিজনেসলিয়াজো
313-452-7704
mmuhit@degc.org

ডেনোভানও'নিল
ডিস্ট্রিক্ট3 BSEEDইন্সপেক্টর
313-817-7953
OnealD@detroitmi.gov

All council member offices located at 2 Woodward Avenue, Suite 1340. Detroit, MI 48226

## নেবারহুডের পুলিশঅফিসার




প্রতিটি রঙ এবং নম্বর একেকটি এনপিও'র এলাকা বোঝায়। মানচিত্রের যে নম্বর চার্টের নম্বর এবং রঙ-এর সাথে মিলখায় সেটিই আপনার এনপিও। লালরেখাগুলো চৌহদ্দির সীমানা বোঝায়।

1. অফিসার রোমেল রানডল্ফ
313-720-9991
2. অফিসার মেলানি ম্যালোন
313-720-9318
3. অফিসার ড্যানিয়েল রবিনসন
313-600-3354
4. অফিসার মারসিয়া উইলিয়ামস
313-720-9076
5. অফিসার এরিক হিল
313-618-0888
6. অফিসার অউব্রি ওয়েড
313-618-0785
7. অফিসার অ্যারন ক্রাজেওয়েস্কি
313-618-3386
8. অফিসার অ্যারম ক্রাজেওয়েস্কি
313-618-3386
9. অফিসার ডগলাস নিকোলস
313-618-0898
10. অফিসার রোনাল্ডো টার্নার
313-590-0484
11. অফিসার তানিয়া এনডিং স্ট্রিবিলিং
313-618-0767
12. অফিসার ক্যারেন ম্যাক্রো
313-319-2990

### নেবারহুড প্রিসিংক্ট

**5th প্রিসিংক্ট, 3500 Conner Avenue
313-596-5500**

**7th প্রিসিংক্ট, 3501 Chene Street
313-596-5700**

**9th প্রিসিংক্ট, 11187 Gratiot Avenue
313-596-5900**

**11th প্রিসিংক্ট, 5100 E. Nevada Avenue
313-596-1100**

**12th প্রিসিংক্ট, 1441 W. Seven Mile Rd.
313-596-1200**

2 Woodward Avenue
Detroit, MI 48226

District 3

**আপনার নেবারহুডের নিউজলেটার**

আপনার অঞ্চলের সিটি সার্ভিস ও সুযোগ সুবিধার সর্বশেষ তথ্য

## মে’র 1 তারিখ থেকে বাসের নতুন সহজতর ভাড়া

মে মাসের 1 তারিখ থেকে, বাসের যাত্রীদের জন্য নতুন ছয় ধরণের ভাড়ার সুবিধা থাকবে, যেখানে শিক্ষার্থী, প্রবীণ এবং প্রতিবন্ধীদের জন্য বিশেষ ভাড়া রাখা হবে। **DDOT-তে ভ্রমণ করার উপর আরো তথ্যের জন্য 313-933-1300 নম্বরে ফোন করুন অথবা দেখুন www.detroitmi.gov/ddot.**


- 4-ঘন্টার ভ্রমণ টিকেট: $2(বিশেষ মূল্য: 50 সেন্ট)
- 24-ঘন্টার পাস: $5(বিশেষ মূল্য: $2)
- 7-দিনের শুধুমাত্র DDOT পাস: $17(বিশেষ মূল্য: $8) )
- 7-দিনের আঞ্চলিক পাস, DDOT এবং SMART: $22(বিশেষ মূল্য: $10)
- 31-দিনের শুধুমাত্র DDOT পাস: $50(বিশেষ মূল্য: $17)
- 31-দিনের আঞ্চলিক পাস, DDOT এবং SMART: $70(বিশেষ মূল্য: $29)

**সিটি অব ডেট্রয়েটের সর্বশেষ তথ্য এবং কাহিনী জেনে রাখুন!**

www.theneighborhoods.org

Comcast-এ কেবল্ টিভি চ্যানেল 10, 21, 22 এবং 68

AT&T – তে চ্যানেল 99, সিটি চ্যানেলের জন্য ডেট্রয়টে স্ক্রল করুন।



## ডেমোলিশন ট্র্যাকার

আপনার কাছাকাছি জরাজীর্ণ কাঠামো কবে ভেঙে ফেলা হবে জানতে চান? **আপনার নির্বাচিত ঠিকানা 313-254-3366 নম্বরে টেক্সট করে দিন,** এবং ঐ এলাকার 5০০ ফুটের মধ্যে অবস্থিত ভাঙ্গার জন্য নির্ধারিত ঠিকানার তালিকা এবং ভাঙ্গার আনুমানিক তারিখসহ বিবরণ আপনি ফিরতি বার্তায় পেয়ে যাবেন। আপনি অনলাইনেও **www.detroitmi.gov/demolition** -এ গিয়ে ডেমোলিশন ট্র্যাকার ম্যাপ দেখতে পারবেন।

*অনুবাদ পাওয়া যায়*

এই নিউজলেটারের অনুবাদের জন্য, দেখুন **www.detroitmi.gov/neighborhoodnewsletter**